

Ms. Sayeeda Begum
15/3/2018

পত্র নং-৫২.০০.০০০০.০০৮.১১.৮২১.১৭-১৪১

২৭ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ-----

১১ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ

নিয়োগপত্র

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন "মর্ডারাইজেশন অব ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিস্টিকস প্রকল্পে" নিম্নোক্ত প্রার্থীদের অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের বাজেট শাখা-১১ এর গত ১৪/০২/২০১৬ খ্রিঃ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-১৫ নং পরিপত্র অনুযায়ী পদের সঙ্গে সামঞ্জস্য বেতন গ্রেডে সাকুল্য বেতনে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত শর্তে "সহকারি প্রোগ্রামার" পদে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রঃনং	প্রার্থীর নাম ও পিতার নাম	স্থায়ী ঠিকানা	বেতন গ্রেড ও মাসিক সাকুল্য বেতন
১	সুমিত্রা কুন্ডু পিতা: গোবিন্দ কুন্ডু	২১/২, ইসলামিয়া রোড, ৪র্থ তলা, গ্রাম: টুটপাড়া, ওয়ার্ড: ২৮ নং, ডাকঘর: খুলনা-৯১০০, খুলনা সদর, খুলনা	গ্রেড-৯ ৩৫,৬০০/-টাকা সাকুল্য
২	শামীম মহসীন পিতা: মোঃ মোসলেম উদ্দিন	গ্রাম: ধাতপুর, ডাকঘর: ধাতপুর উপজেলা: গৌরিপুর, জেলা: ময়মনসিংহ, পোষ্ট কোড: ২৪১১	গ্রেড-৯ ৩৫,৬০০/-টাকা সাকুল্য
৩	খন্দকার আশিকুর রহমান পিতা: গোলাম রসুল	২৩২/১, পশ্চিম মানিকদী, ওয়ার্ড-১৫, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬	গ্রেড-৯ ৩৫,৬০০/-টাকা সাকুল্য

শর্তাবলী:

- এ নিয়োগ আদেশ শুধুমাত্র প্রকল্প মেয়াদকাল পর্যন্ত আনুষ্ঠানিক আদেশ হিসেবে গণ্য হবে। প্রকল্প মেয়াদ সমাপ্ত হওয়ার সাথে সাথে এ নিয়োগ আদেশ প্রকল্পের চাকুরী হতে অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে। এতদুদ্দেশ্যে আলাদাভাবে কোন অব্যাহতিপত্র প্রদান করা হবে না।
 - কর্তৃপক্ষ যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকে ১ (এক) মাসের নোটিশ বা ১ (এক) মাসের সমপরিমান সাকুল্য বেতন প্রদান পূর্বক চাকুরী হতে অব্যাহতি দিতে পারবেন। পক্ষান্তরে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ১ (এক) মাসের নোটিশ বা ১ (এক) মাসের সমপরিমান বেতন সমর্পণ পূর্বক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চাকুরী হতে অব্যাহতি নিতে পারবেন।
 - চাকুরীকালে সার্বক্ষণিক প্রকল্পের কাজে নিয়োজিত থাকতে হবে এবং কাজের মান সন্তোষজনক না হলে নিয়োগ বাতিল করা হবে।
 - চাকুরীকালীন সময়ে চাকুরী সংক্রান্ত প্রযোজ্য সরকারী বিধিমালা প্রযোজ্য হবে।
 - চাকুরীতে যোগদানের সময়ে সিভিল সার্জন কর্তৃক ইস্যুকৃত সু-স্বাস্থ্যের সনদ দাখিল করতে হবে।
 - প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় শিক্ষাগত ও অভিজ্ঞতাসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ০২। নিয়োগের উপরোক্ত শর্তাবলীতে সম্মত থাকলে তাকে ২০-০৩-২০১৮ তারিখের মধ্যে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা এর নিকট যোগদান পত্র দাখিল করতে হবে, অন্যথায় এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা করা হলো।

নূরজাহান
উপসচিব

৫৫০০৭০৮৭

২৭ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ

তারিখঃ-----

১১ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ

পত্র নং-৫২.০০.০০০০.০০৮.১১.৮২১.১৭-১৪১

সদয় অবগতি ও কার্যার্থে (জ্ঞেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ৩। মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। পরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ৫। প্রকল্প পরিচালক, "Modernization of National Accounts Statistics Project" প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ৬। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ৮। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।